গাংনীতে আরবিজিএম মাধ্যমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক নিয়োগ নিয়ে অর্থবাণিজ্যের অভিযোগ

মেহেরপুরের গাংনী উপজেলার আরবিজিএম মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবু বকর সিদ্দিক অবসরে যান গত মাসের অক্টোবরের ২৪ তারিখে। মাস না পেরোতেই ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হাবিবুর রহমান লিখনকে প্রধান শিক্ষক হিসেবে নিয়োগ দিতে তড়িঘড়ি করে সকল প্রস্তুতি সম্পন্ন করে গত ২০ নভেম্বর শুক্রবার পরিক্ষা নেওয়ার প্রস্তুতি নিচ্ছিল ম্যানেজিং কমিটি ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস। নিয়োগ পরিক্ষায় অংশ নেওয়ার জন্য তিন জন ডেমি প্রার্থীও ম্যানেজ করা হয়।

কিন্তু গোপন এই প্রক্রিয়ায় বাধ সাধলেন মেহেরপুর-২ (গাংনী) আসনের এমপি সাহিদুজ্জামান খোকন। তাঁর হস্তক্ষেপে ডিজি প্রতিনিধি খোরশেদা আলম নিয়োগ পরিক্ষা স্থগিত রাখেন। এছাড়াও বিদ্যালয়ের প্রধান শিক্ষক নিয়োগ প্রক্রিয়া চলছে জানেন না বিদ্যালয়ের অন্যান্য শিক্ষকরাও।

অভিযোগ উঠেছে মোটা অংকের টাকা ঘুষ বানিজ্যের মাধ্যমে এ নিয়োগ দেওয়ার প্রক্রিয়া চুড়ান্ত হয়েছিল। এই টাকার বেশি অংশ স্কুল কমিটির বর্তমান সভাপতি ও ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি মোহাম্মদ আলী, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা হাবিবুল বাশার, ডিজি’র প্রতিনিধি মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক খোরশেদা আলমসহ নিয়োগ কমিটির কয়েকজনকে ভাগ দেওয়ার কথা ছিল।

বিদ্যালয় ম্যানেজিং কমিটির সাবেক এক সভাপতি নাম প্রকাশ না করার শর্তে জানান, হাবিবুর রহমান লিখনের সাথে বর্তমান সভাপতি মোহাম্মদ আলী ও সাবেক প্রধান শিক্ষক ৭ লাখ টাকা ঘুষ নেন। যার অর্ধেক করে ভাগাভাগি করে নেওয়ার কথা ছিল।

পরে সাবেক প্রধান শিক্ষককে টাকার ভাগ না দিয়ে ঘুষের টাকা দিয়ে একটি পিকআপ কিনেছে মোহাম্মদ আলী। যার একটি মোটরসাইকেল কেনারও

ক্ষমতা ছিলনা। হাবিবুর রহমান লিখন একজন অযোগ্য ও অদক্ষ শিক্ষক। তাঁকে এই পদে নিয়োগ দেওয়া হলে বিদ্যালয়ের মান ক্ষুন্ন হবে।

গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার হাবিবুল বাশার জানান, ঘুষ নেওয়ার যে অভিযোগ করা হয়েছে তা মিথ্যা ও ভিত্তিহীন। এছাড়া একটি অখ্যাত পত্রিকায় নিয়োগ সার্কুলার দেওয়া হয়েছে বলে তিনি স্বীকার করেন। কিন্তু এমনটি কেন হলো প্রশ্নে তিনি বলেন, এটা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সভাপতি করেছে। এছাড়া নিয়োগ পরিক্ষা বন্ধ হওয়ার বিষয়ে তিনি ডিজির প্রতিনিধি জানেন বলে জানান।

নিয়োগ কমিটিতে দায়িত্বপ্রাপ্ত ডিজির প্রতিনিধি ও মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক খোরশেদা আলম জানান, গাংনীর এমপি মহোদয় নিয়োগ পরীক্ষা নিয়ে আপত্তি জানালে পরিক্ষা স্থগিত করা হয়েছে। ঘুষ নেওয়ার অভিযোগের বিষয়ে তিনি বলে এটি একটি ভিত্তিহীন অভিযোগ।

বিদ্যালয়ের ক্রীড়া শিক্ষক ইমরান হাবিবের সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, বিদ্যালয়ের প্রধান শিক্ষক নিয়োগের বিষয়ে কিছুই জানেন না।

বিদ্যালয় ম্যানেজিং কমিটির শিক্ষক প্রতিনিধি সদস্য ইউসুফ আলীর সাথে যোগাযোগ করা হলে তিনি এ বিষয়ে কোন মন্তব্য করতে রাজী হননি এবং বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ও সভাপতির সাথে কথা বলতে বলেন।

প্রধান শিক্ষক প্রার্থী হাবিবুর রহমানের সাথে যোগাযোগ করা হলে তিনি মোবাইলে জানান এ বিষয়ে সরাসরি কথা হবে। এর বেশি কিছু বলতে চাননি।

বিদ্যালয়ের অভিযুক্ত সভাপতি মোহাম্মদ আলী বলেন, সকল প্রক্রিয়া মেনে নিয়োগ পরিক্ষার আয়োজন করা হয়। চার জন প্রার্থী আবেদন করেছেন, তাদের নাম মনে নেই। কিন্তু এমপি সাহেব ঝামেলা করায় নিয়োগ বন্ধ করা হয়েছে। এ ছাড়া টাকা নেওয়ার যে অভিযোগ করা হয়েছে তা ষড়যন্ত্র ও মিথ্যা। তিনি আরো বলেন, এমপি সাহেব কে? তিনি নিয়োগ দেওয়া বা বন্ধ করার মালিক না।

মেহেরপুর জেলা শিক্ষা অফিসার মাহফুজুল হোসেন জানান, নিয়োগ সংক্রান্ত সুপারিশ করার পর ডিজির প্রতিনিধি, উপজেলা শিক্ষা অফিসার ও স্কুল কমিটির সভাপতি নিয়োগ প্রক্রিয়া করে থাকেন। এতে

ব্যাত্যয় হয়েছে এমন অভিযোগ পেলে অভিযুক্তের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

মেহেরপুর-২ আসনের এমপি সাহিদুজ্জামান খোকন জানান, গত মাসের ২৪ তারিখে সাবেক প্রধান শিক্ষক অবসর নিলেন। এরই মধ্যে গোপনে অখ্যাত পত্রিকায় সার্কুলার দিয়ে গত ২০ তারিখে পরিক্ষা নেওয়ার কথা ছিল।

এর মধ্যে অন্য একটি স্কুলের প্রধান শিক্ষককে ডেমি প্রার্থী করা হয়। আমি বলেছি এটা ওপেন করতে। যাতে করে অনেকেই এই পরিক্ষায় অংশ নিতে পারে। ঘুষ বাণিজ্যের ব্যাপারে তিনি বলেন, অর্থনৈতিক কোন লেনদেনের কথা আমার কানে আসেনি।

উল্লেখ্য, ১৯৯৪ সালে গাংনী উপজেলার চারটি গ্রামের অদ্যক্ষর দিয়ে আরবিজিএম মাধ্যমিক বিদ্যালয়ের নামকরণ করে বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হয়। বিদ্যালয়ে বর্তমানে সাত শতাধিক শিক্ষার্থী লেখাপড়া করছে।

গাংনীর কাজীপুরে ইসলামী ব্যাংকের এজেন্ট ব্যাংকিং’র উদ্বোধন

মেহেরপুরের গাংনী উপজেলার কাজীপুর গ্রামে ইসলামী ব্যাংকের এজেন্ট ব্যাংকিং কেন্দ্রের উদ্বোধন করা হয়েছে। গতকাল বুধবার সকাল ১১ টায় কাজীপুরের গোলাম বাজারে ইসলামী ব্যাংক এজেন্ট ব্যাংকিং কেন্দ্রের উদ্বোধন করা হয়।

হাজী মোহাম্মদ ইব্রাহিম মন্ডলের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর শাখা প্রধান ও এভিপি জাহাঙ্গীর আলম। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কাজীপুর এজেন্ট শাখার ম্যানেজার ইনচার্জ নাজমুল হুদা।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক রেজাউল হক মাস্টার, কাজীপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আব্দুর রউফ স্বপন, সাবেক সভাপতি আবু নাতেক, বীর মুক্তিযোদ্ধা গোলাম

মোস্তফা, বিএসসি কেতাব আলী, সাবেক ছাত্রলীগ নেতা আব্দুল আলিম ও এইচবি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রাজু আহমেদ প্রমুখ।

অনুষ্ঠানের শেষাংশে ফিতা কেটে ইসলামী ব্যাংক ব্যাংকিং কেন্দ্রের উদ্বোধন করেন প্রধান অতিথি জাহাঙ্গীর আলম।

মেহেরপুরে মাদক ব্যবসায়ীর কারাদণ্ড

মেহেরপুরের বাসস্ট্যান্ড এলাকার মাদক ব্যবসায়ী তাজুল ইসলামকে ৩ মাসের জেল দিয়েছে ভ্রাম্যমাণ আদালত।

গতকাল বুধবার দুপুরে নির্বাহী ম্যাজিস্ট্রেট কাজী মোঃ অনিক ইসলামের নেতৃত্বে বাসস্ট্যান্ড এলাকায় ভ্রাম্যমাণ আদালতে অভিযান পরিচালনা করা হয়।

এ সময় তাজুল ইসলামের বাড়িতে অভিযান চালিয়ে ২ গ্রাম হেরোইন, ১৭ টি পুরিয়া যার আনুমানিক ওজন ১ গ্রাম এবং ১ গ্রাম খোলা হেরোইনসহ মোট ৪ গ্রাম হেরোইন ও বাড়ি থেকে হেরোইন বিক্রয়ের নগদ অর্থ ১৮৫০ টাকা উদ্ধার করা হয়।

ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে মাদক ব্যবসায়ী তাজুল ইসলামকে ১০০ টাকা জরিমানা করা হয়।

কার্যকর তামাক কর ব্যবস্থার

জন্য ‘জাতীয় তামাক কর নীতি’ প্রণয়ন জরুরি

তামাক ও তামাকজাত দ্রব্য নিয়ন্ত্রণের সবচেয়ে কার্যকর ও সাশ্রয়ী পদ্ধতি হলো দাম বাড়িয়ে একে সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার বাইরে আনা। এতে একইসাথে তামাকের ব্যবহার কমে এবং সরকারের রাজস্ব আয় বৃদ্ধি পায়।

কিন্তু বাংলাদেশে জটিল ও ত্রুটিপূর্ণ তামাক কর কাঠামোর জন্য তা তামাক নিয়ন্ত্রণ ও রাজস্ব বৃদ্ধিতে কার্যকর ভূমিকা রাখছে না। তাই বাংলাদেশে কার্যকর তামাক কর ব্যবস্থার জন্য ‘জাতীয় তামাক কর নীতি’ প্রণয়ন জরুরি। ২৫ নভেম্বর বুধবার বিকেল ৪ টায় বাংলাদেশ নেটওয়ার্ক ফর টোব্যাকো ট্যাক্স পলিসি (বিএনটিটিপি), বাংলাদেশ তামাক বিরোধী জোট (বাটা) ও বিশ্ব স্বাস্থ্য সংস্থার এফসিটিসি নলেজ হাব অন টোব্যাকো ট্যাক্সেশন অ্যান্ড ইলিসিট ট্রেড কর্তৃক আয়োজিত ‘দক্ষিণ-পূর্ব এশিয়ায় তামাক করের প্রবণতা, বিশেষত বাংলাদেশ’ (Trends in Tobacco Taxation in South East Asia, with a special focus on Bangladesh) শীর্ষক একটি আন্তর্জাতিক ওয়েবিনারে বক্তারা একথা বলেন।

ওয়েবিনারে ‘সাউথ-ইস্ট এশিয়া: ট্রেন্ডস ইন টোব্যাকো ট্যাক্সেশন’ শিরোনামে তথ্য উপস্থাপন করেন বিশ্ব স্বাস্থ্য সংস্থার এফসিটিসি নলেজ হাব অন টোব্যাকো ট্যাক্সেশন অ্যান্ড ইলিসিট ট্রেড এর রিসার্চ অফিসার ও প্রোগ্রাম ম্যানেজার স্যাম ফিলবি এবং ‘টোব্যাকো ট্যাক্সেশন ইন বাংলাদেশ’ শিরোনামে তথ্য উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ও বাংলাদেশ নেটওয়ার্ক ফর টোব্যাকো ট্যাক্স পলিস (বিএনটিটিপি)–এর টেকনিক্যাল কমিটির কনভেনর ড. রুমানা হক। বিশেষজ্ঞ আলোচক হিসেবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক সংস্থা দ্য ইউনিয়নের টোব্যাকো কন্ট্রোলের ডেপুটি ডিরেক্টর আশিষ পাণ্ডে।

ওয়েবিনারে শুভেচ্ছা বক্তব্য দেন বিশ্ব স্বাস্থ্য সংস্থার এফসিটিসি নলেজ হাব অন টোব্যাকো ট্যাক্সেশন অ্যান্ড ইলিসিট ট্রেড এর প্রোগ্রাম ডিরেক্টর তৌহিদা জ্যাকব এবং সঞ্চালনা করেন আন্তর্জাতিক সংস্থা দ্য ইউনিয়নের কারিগরি পরামর্শক অ্যাডভোকেট সৈয়দ মাহবুবুল আলম।

সভায় বক্তারা আরো বলেন, বহুস্তরভিত্তিক দুর্বল কর কাঠামো এবং তামাকজাত দ্রব্যের ধরণে বিচিত্রতার দরুন দাম বাড়লে বিকল্প বেছে নেয়ার সুযোগ দক্ষিণ-পূর্ব এশিয়ায় কার্যকর তামাক নিয়ন্ত্রণের জন্য বড় চ্যালেঞ্জ। এই চ্যালেঞ্জ বিবেচনায় রেখে সময়োপযোগী তামাক কর ব্যবস্থা গ্রহণ এখন সময়ের দাবী।

মাননীয় প্রধানমন্ত্রী ২০৪০ সালের মধ্যে বাংলাদেশকে তামাকমুক্ত করার ঘোষণা দিয়ে সে লক্ষ্য পূরণের জন্য একটি বিস্তৃত তামাক কর নীতি গ্রহণের কথা বলেছেন। তাই মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি পূরণে অতি সত্ত্বর জাতীয় তামাক কর নীতি প্রণয়ন করতে হবে। যার মধ্যে করারোপসহ, কর আদায় পদ্ধতি ও পর্যবেক্ষণ, ট্রাকিং ও ট্রেসিং, কর ফাঁকি বন্ধ, আমদানি-রপ্তানি, তামাক করসংক্রান্ত প্রশাসনিক বিষয়াদিসহ তামাক করসংশ্লিষ্ট সকল বিষয়াদি যুক্ত থাকবে।

বক্তারা বলেন, বাংলাদেশে মূল্যের ওপর শতাংশ হারে করারোপের ফলে তা তামাক নিয়ন্ত্রণ ও রাজস্ব বৃদ্ধিতে কোন অবদান রাখছে না বরং তা অনাকাঙ্ক্ষিতভাবে তামাক কোম্পানির মুনাফা বৃদ্ধি করছে। বিগত দশ বছরে তামাকজাত দ্রব্যের উৎপাদন দ্বিগুণ বাড়লেও কোম্পানির মুনাফা বেড়েছে পাঁচ গুণ। এই অবস্থার পরিবর্তন বক্তারা মূল্যের ওপর শতাংশ হারে করারোপের পাশাপাশি সকল প্রকার তামাকজাত দ্রব্যের ওপর সুনির্দিষ্ট করারোপের দাবী করেন।

ওয়েবিনারে বাংলাদেশ, দক্ষিণ আফ্রিকা, ভারত, মিয়ানমার, ভিয়েতনাম, কলম্বিয়া ও শ্রীলঙ্কার অর্থনীতিবিদ, তামাক কর বিশেষজ্ঞ ও তামাক নিয়ন্ত্রণ কর্মীরা অংশ নেন।

মেহেরপুরে ওলকপির মাঠ দিবস পালন

মেহেরপুর সদর উপজেলা উজলপুর বালিকা উচ্চ বিদ্যালয় ও কামদেবপুর মাঠে ৩৫০ জন কৃষক নিয়ে ইউনাইটেড সীড কোম্পানির পক্ষ থেকে মাঠ দিবস পালন করা হয়েছে।

বুধবার দুপুরে মার্কেটিং অফিসার জাহাঙ্গীর আলমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউনাইটেড এর ম্যানেজিং ডিরেক্টর সেলিম রেজা।

এসময় তিনি বলেন, নতুন জাত কুইকবল- ফসল ওলকপি, যেটি একেবারেই নতুন তাই আমরা কৃষক দের সাথে সরেজমিনে দেখতে এসেছি তারা কেমন ফসল উৎপাদন করছে।

তিনি আরও বলেন, আমরা বীজ বিক্রয় করে ঘরে বসে থাকি না। আমরা যে বীজ টি কৃষকদের দিচ্ছি সেই বীজ টি থেকে কৃষকরা কেমন ফলন পাচ্ছে সেটা আমরা প্রতিটি মাঠে যেয়ে সরেজমিনে দেখে আসছি। আমাদের মূল লক্ষ কৃষকদের মুখে হাসি ফোটানো। তাই ঠিক সেই দিকে আমরা লক্ষরেখে কাজ করে যাচ্ছি।

কামদেবপুর মাঠের কৃষক আব্দুল মোতালেব হোসেন জানান, আমি গত বছর লাকি সেভেন এর ওলকপি টা লাগিয়েছিলাম এবার এই বছরে কুইকবল এর ওলকপি টা চাষ করে দেখছি, কপিটা ফাটে না আবার পচাও লাগে না কিন্তু গতবছর জমিতে সার, সেচ দিতে খুব ভয় লাগতো যে কখন পচা লাগে। সব চাইতে আমি সুবিধা পেয়েছি কপিটার গায়ে পাওডার বেশি থাকাতে। কারণ একজন ব্যবসায়ী কপি কিনতে গেলে আগে দেখে কপির গায়ে পাওডার আছে কি সেই ক্ষেত্রে এবছর লাভ হতে পারে বলে আমি মনে করি।

এসময় ৩৫০ জন কৃষকদের মধ্যে টিম লিডার ও ভালো ফসল ফলানোর জন্য সেরা কৃষকদের উপহার হিসেবে ছাতা তুলে দেওয়া হয়।
এসময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, আর এন ডি এর মার্কেটিং অফিসার মুক্তার হোসেন, রফিক বীজ ভান্ডারের শফিকুল ইসলাম, ইউপি সদস্য মিলন, তৈহিদুল হক প্রমুখ।

মেহেরপুরে নতুন ৩ জন করোনা আক্রান্ত

মেহেরপুর নতুন করে আরও ৩ জন করোনা আক্রান্ত হয়েছেন। তাদের মধ্যে দুই জন সদরের, একজন মুজিবনগর উপজেলার।

সোমবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ১৫ জনের নমুনা পরীক্ষার রিপোর্টের মধ্যে পজেটিভ আসে ৩ জনের। আর নেগেটিভ আসে ১১ জনের।

তিনি আরো জানান, এ পর্যন্ত সর্বমোট ফলাফল এসেছে ৪৮৪০ টি, সর্বমোট পজিটিভ ৭০৯ জন, সুস্থ ৬১৪ জন, মৃত্যু ১৬ জন ও ট্রান্সফার্ড ৫৪ জন।

বর্তমানে মেহেরপুর জেলায় পজিটিভ কেইস এর সংখ্যা ২৫ (সদরে-১৫, গাংনীতে- ৪ ও মুজিবনগরে- ৬) জন।

ভিন্নসূত্রে পাওয়া পজেটিভদের পরিচয়- মেহেরপুর সদরের হাজেরা খাতুন (৩০), রাজনগরের তুফান আলী (৬০) এবং মুজিবনগর উপজেলার মানিকনগরের ফারহানা ইয়াসমিন (২০)।

গাংনীতে উপ-নির্বাচনে বিজয়ী ইউপি সদস্যের শপথ গ্রহণ

গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের উপ-নির্বাচনে ২ নং ওয়ার্ডের নবনির্বাচিত ইউপি সদস্য মফিজুল ইসলাম শপথ গ্রহণ করেছেন।

গতকাল সোমবার বেলা ১১ টার দিকে ইউএনও’র সভাকক্ষে এ শপথ বাক্য পাঠ করানো হয়। গাংনী উপজেলা নির্বাহী অফিসার আরএম সেলিম শাহনেওয়াজ শপথ বাক্য পাঠ করান। পরে ওয়ার্ড বাসীদের মাঝে মিষ্টি বিতরণ করা হয়।

এ সময় মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজামান খোকন তাকে অভিনন্দন জানিয়ে ওয়ার্ড বাসীর আশা-আকাঙ্খা পূরণে কাজ করার আহবান জানান ।

এ সময় উপস্থিত ছিলেন, ধানখোলা ইউনিয়নের চেয়ারম্যান আখেরুজামান, ইউপি কামরুল হাসানসহ বিভিন্ন আওয়ামী লীগের নেতৃবৃন্দ।

শপথ গ্রহণ শেষে নবনির্বাচিত ইউপি সদস্য মফিজুল ইসলাম সাংবাদিকদের

জানান, ভোটে প্রতিযোগিতা থাকবে কিন্তু সেই প্রতিযোগিতা যেন প্রতিহিংসায় রূপ না নেয়।

আমি উপজেলা আওয়ামী লীগের শ্রম বিষয়ক সম্পাদকের দায়িত্ব পালন করছি দীর্ঘদিন ধরে। ভোট শেষ হতেই আমি সকলকে একটি শান্তির বার্তা দিয়েছি। ভোটের যে প্রতিযোগিতা হয়েছে সেটা শেষ, ফলে আমাদের এলাকায় শান্তি শৃংখলা বজায় রাখতে কোন হানাহানি বা মারামারির দরকার নেই।

কিন্তু এখনও এক শ্রেণির মানুষ এলাকায় অশান্তি সৃষ্টির লক্ষ্যে নানা রকম ষড়যন্ত্র চালিয়ে যাচ্ছে। আমি আমার ওয়ার্ডের সকল নেতাকর্মীদের সাথে মিলে-মিশে থাকতে চাই। আপনাদের সকলের জনপ্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করতে চাই। আপনারা আমাকে সুযোগ করে দিন। আমার ভুলত্রুটি হলে আমাকে ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখবেন।

গাংনীতে মহিলা সমাবেশে এমপি খোকন

গাংনীতে জেলা তথ্য অফিসের আয়োজনে পাকুড়ীয়া কমিউনিটি কোর গ্রুপ এর লার্নিং সেন্টার চত্বরে মহিলা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার বিকেলে অনুষ্ঠিত এ সমাবেশে উপজেলা নির্বাহী অফিসার আর এম সেলিম শাহনেওয়াজের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজামান খোকন, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন, ধানখোলা ইউনিয়নের চেয়ারম্যান আখেরুজামান, উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মনি, উপজেলা স্বেছাসেবক লীগের আহ্বায়ক আবুল বাশার, ২ নং ওয়ার্ডের ইউপি সদস্য মফিজুল ইসলাম, ৩নং ওয়ার্ড ইউপি সদস্য আনোয়ার হোসেন।

মোহাম্মদ সাহিদুজামান খোকন বলেন, নারী-পুরুষ বলে নিজেরা বিভেদ তৈরী না করে আমরা সকলেই মানুষ হই। নারী অধিকার বা পুরুষ অধিকারের

কথা না বলে সবাই আমরা একযোগে দেশের উন্নয়নে কাজ করি। সমাজের অবহেলিত মানুষের জন্য কাজ করি। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে বিশেষ ১০ টি উদ্যোগ গ্রহণ করেছেন সে গুলো বাস্তবায়নে কাজ করি। আপনারা নিজ নিজ জায়গা থেকে সরকারের নেওয়া সকল উদ্যোগকে সফল করতে সহযোগিতা করবেন।

৩ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আশরাফুল ইসলামের পরিচালনায় সমাবেশে আরো উপস্থিত ছিলেন আওয়ামী লীগ নেতা মনিরুজ্জামান আতু, কলেজ ছাত্রলীগের সভাপতি মাহমুদ হাসিব, ছাত্রলীগের নেতা ওয়াজ্জেল হোসেন, যুবলীগের নেতা মুক্তারুল ইসলামসহ এলাকার বিভিন্ন শ্রেণিপেশার মানুষ।

গাংনীতে স্বাস্থ্য সহায়তা সরঞ্জাম বিতরণ

সবাই মিলে শপথ করি, করোনা ভাইরাস সহনশীল গ্রাম গড়ি এ প্রতিপাদ্যে সুস্বাস্থ্য ও মানসম্মত সেবা নিশ্চিত করণে মেহেরপুরের গাংনী উপজেলার ৮ টি ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র ও ৩৫টি কমিউনিটি ক্লিনিকে স্বাস্থ্য সরঞ্জাম বিতরণ করা হয়েছে।

দি হাঙ্গার প্রজেক্টের আয়োজনে এ বিতরণী অনুষ্ঠানে জাতীয় কন্যা- শিশু এ্যাডভোকেসি ফোরামের সভাপতি সিরাজুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজামান খোকন|

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান এম এ খালেক, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ডাঃ রিয়াজুল আলম, শিক্ষক নেতা মনিরুজামান মনি ও হাঙ্গার প্রজেক্টের উপজেলা সমন্বয়কারী হেলাল উদ্দীন।

গাংনীতে কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ

মেহেরপুরের গাংনীতে কৃষি পুনর্বাসনের আওতায় রবি মৌসুমে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হয়।

গতকাল সোমবার দুপুরে গাংনী উপজেলা সম্মেলন কক্ষে এ বিতরণী অনুষ্ঠান উদ্বোধন করা হয়।

অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার আর এম সেলিম শাহনেওয়াজের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজামান খোকন, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা পরিষদ চেয়ারম্যান এম এ খালেক।

কৃষি অফিসার কে এম শাহাবুদ্দিন’র স্বাগত বক্তব্য শেষে প্রধান অতিথি মোহাম্মদ সাহিদুজামান খোকন বলেন, সরকার সার বিক্রিতে ভর্তুকী দিচ্ছে। কিন্তু তারপরেও সারের দাম বেশি নিচ্ছে ডিলাররা। ব্যবসায়ীরা সরকারের টাকাও নিচ্ছে আবার কৃষকের টাকাও নিচ্ছে। দ্রুত এ সমস্যার সমাধান করতে উপজেলা নির্বাহী অফিসারকে নির্দেশনাও দেন তিনি।

উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা মোঃ রাসেল রানার পরিচালনায় অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, গাংনী মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, আওয়ামী লীগ নেতা শহিদুল ইসলাম ও উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজামান মনি প্রমুখ।

অনুষ্ঠানে সরিষা, ভুট্টা, বোরো ধান, গম, মুগ ও পেঁয়াজ চাষের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৪ হাজার ৯শ ১০ জন কৃষকের মাঝে এসব কৃষি সামগ্রী বিতরণ করা হয় ।